# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/১৮৫/নুতন/ইংলিশ/৯০৮৪ তারিখ: ২৭/১১/২০২৫ খ্রি.

**বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন সনদ**

প্রত্যয়ন করা যাচ্ছে, Kids Campus, বাড়ি নং- ৩৩/১৫, সড়ক নং- ০৯/১১, সেক্টর নং- ০৪, উত্তরা মডেল টাউন, ঢাকা-কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল'স অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭)-এর ধারা ৪-এর উপ-ধারা (২) এর বিধান মোতাবেক ১২/০৪/২০২৪ তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক (O-Level) এবং (A-Level) উচ্চমাধ্যমিক পর্যায়ে নিবন্ধন প্রদান করা হলো।

**নিবন্ধন বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:**

১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
২। বিধিমালার ৬(৪) ধারা মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন বোর্ডে দাখিল করতে হবে;
৩। **প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা পূর্ণ অনুসরণ করতে হবে;**
৪। উক্ত বিধিমালার ১৪ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উপ-ধারা ৪ মোতাবেক ৫ (পাঁচ) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে;
৬। বিধিমালার ১৫ ধারা যথাযথভাবে অনুসরণসহ আর্ন্তজাতিকভাবে স্বীকৃতি শিক্ষাক্রম অনুযায়ী শ্রেণিভিত্তিক পাঠদান করাতে হবে;
৭। বিধিমালার ১৯ ধারা অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
৮। বিধিমালার ২০(৩) ধারা অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে;
৯। প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে নূন্যতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে নূন্যতম ২,০০,০০০/- রাখতে হবে। যা বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
১০। শিক্ষার্থীদের ফলাফল মানসম্মত হতে হবে। O-Level, A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি বোর্ডে দাখিল করতে হবে;
১১। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশসহ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করতে হবে;
১২। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলণ ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে;
১৩। জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
১৪। যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে;
১৫। ন্যূনতম ৪,০০০ টি বইসহ স্বতন্ত্র গ্রন্থাগার, প্রয়োজনীয় সংখ্যক উপকরণসহ স্বতন্ত্র কম্পিউটার ল্যাব ও স্বতন্ত্র বিজ্ঞানাগার থাকতে হবে;
১৬। ও লেভেল এবং এ লেভেল স্তরের পাঠদানের জন্যে কারিকুলাম অনুযায়ী যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে;
১৭। নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা দিয়ে নিবন্ধন নবায়নের আবেদন করতে হবে;
১৮। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ০৫/০৬/২০১৭ তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধির অধীন রেজিস্ট্রেশন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করেন।

চেয়ারম্যানের অনুমোদনক্রমে

*স্বাক্ষরিত*

**ড. মোঃ মাসুদ রানা খান**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ০২-৫৮৬১০০৬৯
ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ
কিডস্ ক্যাম্পাস
বাড়ি নং- ৩৩/১৫, সড়ক নং- ০৯/১১, সেক্টর নং- ০৪,
উত্তরা মডেল টাউন, ঢাকা

মেমো নং- ৯০৮৪ (৭) তারিখ: ২৭/১১/২০২৫ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩। জেলা প্রশাসক, ঢাকা;
৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি- ৩১, রোড-৪, ব্লক- এফ, বনানী, ঢাকা-১২১৩;
৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার
পিয়ারসন এডেক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পান্থপথ, ঢাকা;
৬। পরিচালক/প্রতিষ্ঠাতা, কিডস ক্যাম্পাস, বাড়ি নং- ৩৩/১৫, সড়ক নং- ০৯/১১, সেক্টর- ০৪, উত্তরা, ঢাকা;
৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৮। অফিস কপি।

12.11.25

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

16.11.2025